

## ইউএনও'র উপর হামলার দৃষ্টান্তমূলক বিচার হবে - নৌপরিবহন প্রতিমন্ত্রী

বোচাগঞ্জ (দিনাজপুর) ০৪ সেপ্টেম্বর ২০২০;

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ওয়াহিদা খানম ও তাঁর বাবা ওমর আলী শেখের ওপর হামলার ঘটনায় দায়ীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক বিচার করা হবে। তিনি বলেন, ইতোমধ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দু'জনকে আটক করেছে। অপরাধীকে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে সরকার আগ্রহিক।

প্রতিমন্ত্রী আজ দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলা পরিষদের পুকুরে পোনা মাছ অবমুক্তকরণ অনুষ্ঠানে এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, আওয়ামী লীগের নির্বচনী ইশতেহার বাস্তবায়নে সরকারের কর্মকর্তা-কর্মচারীরা জীবনের ঝুঁকি নিয়ে কাজ করে যাচ্ছে। সরকারের ইশতেহার বাস্তবায়নে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন সরকারের কর্মকর্তা-কর্মচারীরা। এ কর্মকর্তারা যখন আক্রান্ত হয়; তখন আমাদের ভাবিয়ে তোলে। যারা মাঠ পর্যায়ে কাজ করে ইশতেহার বাস্তবায়ন করছেন, তাদের উপর হামলার যথাযথ বিচার করতেই হবে। এর কোন বিকল্প নেই। দৃষ্টান্তমূলক বিচার করা হবে। সরকার এ ব্যাপারে দৃঢ়প্রতিজ্ঞ।

খালিদ মাহমুদ চৌধুরী বলেন, যারা বাংলাদেশের উন্নয়নকে ব্যাহত করতে চায়; যারা উন্নয়নকে ব্যর্থ করার জন্য রাজনৈতিক পথ পরিহার করে-উন্নয়ন বাস্তবায়নকারী কর্মকর্তাদের উপর আক্রমণ করছে- তারা বিকল্প পথ বেছে নিয়েছে। আওয়ামী লীগ নেতা- কর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, উন্নয়ন বাস্তবায়নে যারা কাজ করছে তাদের নিরাপত্তা দিতে হবে। জনগণের দায়িত্ব হচ্ছে তাদের নিরাপত্তা দেয়া। তিনি বলেন, আহত ইউএনও'র চিকিৎসার বিষয়ে সরকারের পক্ষ থেকে সব ধরনের পদক্ষেপ নেয়া হয়েছে। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন, প্রয়োজনে তাকে বিদেশে নিয়ে চিকিৎসা করানো হবে।

প্রতিমন্ত্রী বলেন, করোনাকালেও সরকার দেশের অর্থনীতিকে গতিশীল রেখেছে। এ করোনার সময়েও সরকারের রিজার্ভ ৩৯ বিলিয়ন ডলার ছাড়িয়েছে। মানুষের মাথাপিছু আয় বেড়েছে। আমাদের দেশের প্রবৃদ্ধি এখনো প্লাসে আছে। তিনি বলেন, পৃথিবীর অন্যতম অগ্রসরমান অর্থনীতির দেশের নাম বাংলাদেশ।

বোচাগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা ছন্দা রাণী পালের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন দিনাজপুর জেলা মৎস্য কর্মকর্তা এস.এম রেজাউল করিম, উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ নাহিদ হোসেন প্রমুখ। উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো. আবু সৈয়দ হোসেন, সাধারণ সম্পাদক মো. আফছার আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ নূর আলমসহ মৎস্য চাষীরা এসময় উপস্থিত ছিলেন।

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪

jahangirpro66@gmail.com